সমকাল

তারিখ · 22 SEP 2016 ·
পৃষ্ঠা ·· ৬ ··· কলাম ·· ৭ ··

রেজিস্ট্রার-এর কার্যালয়

# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল – ১৯০২।

**Website: www.mbstu.ac.bd**

সূত্র ঃ মাভাবিপ্রবি/একা-ভর্তি.পরী:কমিটি(০২০)/ ২৯৩৫

তারিখ ঃ ০৬ আশ্বিন ১৪২৩
২১ সেপ্টেম্বর ২০১৬

## ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (ইঞ্জিনিয়ারিং/সম্মান), বিবিএ ও বিফার্ম প্রোগ্রামে

## ভর্তি বিজ্ঞপ্তি

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে নিম্নে বর্ণিত ইউনিটসমূহের অন্তর্ভুক্ত বিভাগগুলোতে ৪(চার) বছর (ফার্মেসি ৫বছর) মেয়াদি স্নাতক (ইঞ্জিনিয়ারিং/সম্মান), বিবিএ ও বিফার্ম প্রোগ্রামে ১ম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য শুধুমাত্র এসএমএস (SMS)-এর মাধ্যমে আবেদন আহবান করা যাচ্ছে।

**আবেদনের সময়সীমা : ২৫ সেপ্টেম্বর ২০১৬ থেকে ৩১ অক্টোবর ২০১৬ রাত ১২:০০টা পর্যন্ত (যেকোনো দিন যেকোনো সময়)।**

ভর্তি পরীক্ষায় ইউনিটভিত্তিক বিভিন্ন বিভাগের জন্য নির্ধারিত আসন সংখ্যা নিম্নরূপঃ

| ইউনিট | বিভাগ | আসন সংখ্যা |
|---|---|---|
| A [ইঞ্জিনিয়ারিং অনুষদ] | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) | ৫৫ |
| | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি) | ৫৫ |
| | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই) | ৫৫ |
| B [লাইফ সায়েন্স অনুষদ] | এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড রিসোর্স ম্যানেজমেন্ট (ইএসআরএম) | ৫৫ |
| | ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স (সিপিএস) | ৫৫ |
| | ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশনাল সায়েন্স (এফটিএনএস) | ৫৫ |
| | বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং (বিজিই) | ৫৫ |
| | ফার্মেসি | ৩৫ |
| | বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি (বিএমবি) | ৩৫ |
| C [সায়েন্স অনুষদ] | রসায়ন | ৫৫ |
| | গণিত | ৫৫ |
| | পদার্থবিজ্ঞান | ৫৫ |
| | পরিসংখ্যান | ৫৫ |
| D [বিজনেস স্টাডিজ অনুষদ] ও [সোস্যাল সায়েন্স অনুষদ] | বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন [বাণিজ্য বিভাগের জন্য ৩৮, বিজ্ঞান বিভাগের জন্য ১৫ এবং মানবিক বিভাগের জন্য ৭ জন] | ৬০ |
| | অর্থনীতি [বাণিজ্য বিভাগের জন্য ১৬, বিজ্ঞান বিভাগের জন্য ২২ এবং মানবিক বিভাগের জন্য ২২] | ৬০ |

### ১। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতাঃ

ক) ২০১৩ বা ২০১৪ সালে অনুষ্ঠিত এসএসসি/সমমান এবং ২০১৫ বা ২০১৬ সালে অনুষ্ঠিত এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ আবেদন করতে পারবে। তবে আবেদনকারীর অবশ্যই উভয় পরীক্ষায় পৃথকভাবে ৪র্থ বিষয় ব্যতীত ন্যূনতম জিপিএ ৩.০০ এবং সর্বমোট ন্যূনতম জিপিএ ৬.৫০ থাকতে হবে।

খ) বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ A, B, C ও D ইউনিটে এবং মানবিক বিভাগ ও বাণিজ্য বিভাগ হতে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ শুধুমাত্র D ইউনিটে আবেদন করতে পারবে।

গ) A ইউনিটে ভর্তি-ইচ্ছুক প্রার্থীর এইচএসসি/সমমানের পরীক্ষায় পদার্থবিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে। B ইউনিটে ভর্তি-ইচ্ছুক প্রার্থীর এইচএসসি/সমমানের পরীক্ষায় রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে। অধিকন্তু ফার্মেসি বিভাগে এবং বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগে ভর্তি-ইচ্ছুক প্রার্থীদের এইচএসসি/সমমানের পরীক্ষায় গণিতেও ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে। C ইউনিটে ভর্তি-ইচ্ছুক প্রার্থীর এইচএসসি/সমমানের পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিতে পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।

ঘ) O-Level এবং A-Level এ উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের জিসিই (GCE) O-Level এ কমপক্ষে ৩টি বিষয়ে B গ্রেডসহ ৫টি বিষয়ে পাস এবং জিসিই A-Level এ কমপক্ষে ২টি বিষয়ে B গ্রেডসহ ৩টি বিষয়ে পাস থাকতে হবে।

ঙ) ২০১৩ সালের পূর্বে এসএসসি/জিসিই O-Level/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ আবেদন করতে পারবে না।

### ২। রেজিস্ট্রেশন প্রক্রিয়াঃ

ক) ভর্তি পরীক্ষার আবেদনের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে Message অপশনে গিয়ে MBSTU <স্পেস> এইচএসসি শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস> এইচএসসি পরীক্ষার রোল নম্বর <স্পেস> এইচএসসি পাসের সাল <স্পেস> এসএসসি শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস> এসএসসি পরীক্ষার রোল নম্বর <স্পেস> এসএসসি পাসের সাল <স্পেস> কাঙ্ক্ষিত ইউনিটের কি–ওয়ার্ড (A/B/C/D) <স্পেস> 16222 নম্বরে SMS করতে হবে।

উদাহরণ : **MBSTU DHA 123456 2016 DHA 123456 2014 A**

উদাহরণটি ঢাকা বোর্ড থেকে ২০১৬ সালে এইচএসসি ও ২০১৪ সালে এসএসসি উত্তীর্ণ ছাত্র-ছাত্রী এবং MBSTU–এর A ইউনিটের জন্য। এখানে 123456 এর জায়গায় যথাক্রমে আবেদনকারীর নিজের এইচএসসি এবং এসএসসি পরীক্ষার রোল নম্বর দিতে হবে। ২০১৫ সালে এইচএসসি উত্তীর্ণদেরকে ২০১৬ এর জায়গায় ২০১৫ লিখতে হবে।

খ) বিভিন্ন শিক্ষাবোর্ডের জন্য লিখতে হবেঃ বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), কুমিল্লা (COM), ঢাকা (DHA), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), সিলেট (SYL), মাদ্রাসা (MAD), কারিগরি (Vocational) (VOC), Diploma in Business Studies (DIB), Diploma in Commerce (DIC), HSC in Business Management (HBM), Open University and Foreign Students (OTH)।

গ) উপরের নিয়মে SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN (নম্বর) জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আবেদনকারীকে আর একটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য MBSTU <স্পেস> YES <স্পেস> PIN(নম্বর) <স্পেস> মোবাইল ফোন নম্বর লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। এখানে মোবাইল ফোন নম্বরের জায়গায় আবেদনকারীর সাথে পরবর্তী যোগাযোগের জন্য নিজের ব্যবহৃত যেকোনো অপারেটরের একটি মোবাইল ফোন নম্বর লিখতে হবে।

উদাহরণ : **MBSTU YES 654321 01XXXXXXXXX**

এই উদাহরণের 654321 এর জায়গায় আবেদনকারীর নিজ PIN (নম্বর)টি বসাতে হবে। উল্লেখ্য, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি বাবদ ৫৫০/-(পাঁচশত পঞ্চাশ) টাকা (সার্ভিস চার্জসহ) কেটে নেয়া হবে, অন্যথায় কোনো ফি কাটা হবে না।

ঘ) উপরের SMS টি পাঠানোর পর আবেদনকারীর টেলিটক মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি SMS এর মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিটের প্রবেশপত্রের জন্য একটি User ID ও Password দেয়া হবে। একবার SMS করে আবেদন করলে তা প্রত্যাহার করা যাবে না। User ID ও Password সযত্নে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।

ঙ) O/A-Level হতে উত্তীর্ণ আবেদনকারীকে নিম্নোক্ত উদাহরণ অনুযায়ী 16222 নম্বরে SMS করতে হবেঃ

উদাহরণ : **MBSTU GCE 123456 2016 A ENG** এখানে 123456 এর জায়গায় আবেদনকারীর A-Level এর নিজ candidate নম্বরটি বসাতে হবে।

চ) কোটায় ভর্তি-ইচ্ছুক আবেদনকারীদের ক্ষেত্রে নির্দিষ্ট কোটায় আবেদন করতে নিম্নোক্ত উদাহরণ অনুযায়ী 16222 নম্বরে SMS করতে হবে।
নির্দিষ্ট কোটাসমূহ ও কোডঃ মুক্তিযোদ্ধার সন্তান কোটা (FFQ), উপজাতি কোটা (TQ), পোষ্য কোটা (WQ), বিকেএসপি কোটা (BKSPQ)।

উদাহরণ : **MBSTU DHA 123456 2016 DHA 123456 2013 A FFQ**

উদাহরণটি ঢাকা বোর্ডের এবং MBSTU এর A ইউনিটের মুক্তিযোদ্ধার সন্তান কোটার (FFQ) জন্য।